



THE WORLD BANK

Working for a World  
Free of Poverty

## PRESS STATEMENT

### বাংলাদেশের অর্থমন্ত্রী ও বিশ্বব্যাংক গ্রুপের প্রেসিডেন্টের মিটিং সম্পর্কিত বিবৃতি

ফেব্রুয়ারী ২৭, ২০১৩, ওয়াশিংটন ডিসি : বিশ্বব্যাংক গ্রুপের প্রেসিডেন্ট জিম ইয়ঙ কিম বুধবার (ওয়াশিংটন সময়) বাংলাদেশের অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিতের সাথে সাক্ষাতের সময় দারিদ্র বিমোচনে বাংলাদেশের উল্লেখযোগ্য সাফল্যের প্রশংসা করেন। তাঁরা আরো আলোচনা করেন যে কিভাবে সুশাসন ও দেশের নিজস্ব প্রতিষ্ঠান ও সিস্টেম শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের সুফল আরো বেশী সংখ্যক বাংলাদেশী জনগনের কাছে পৌঁছানো যাবে।

বাংলাদেশ দারিদ্র বিমোচনের মিলেনিয়াম ডেভেলপমেন্ট লক্ষ্য ২০১৫ অর্জনে লক্ষণীয় অগ্রগতি লাভ করেছে। গত দশকে গড়ে ৬% হারে প্রবৃদ্ধি বজায় রাখা ছাড়াও দেশটি ব্যাপক সামাজিক পরিবর্তন অর্জন করেছে যার মধ্যে বিপুল সংখ্যক মেয়েদের শিক্ষাব্যবস্থায় অংশগ্রহণ ও নারীদের কর্মসংস্থান উল্লেখযোগ্য। অর্থনৈতিক উন্নয়নের ফলে গত দশ বছরে ১৫ মিলিয়ন মানুষ দরিদ্রতা থেকে মুক্তি পেয়েছে। তাসত্ত্বেও প্রায় ৪৭ মিলিয়ন মানুষ দারিদ্রের মধ্যে বাস করে ফলে উন্নয়ন কর্মকাণ্ডের প্রয়োজন ব্যাপক।

বিশ্বব্যাংক প্রেসিডেন্ট জিম বলেন "দ্রুততর অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনের সক্ষমতা বাংলাদেশের রয়েছে। বিশ্ব ব্যাংক বাংলাদেশ সরকারের সাথে আরা দ্রুত দারিদ্র মানুষের সংখ্যা হ্রাসের জন্য একত্রে কাজ করবে এবং একই সাথে সুশাসন ও দুর্নীতিবিরোধী ব্যবস্থা নিশ্চিত করতে হবে যাতে প্রতিটি ডলারই দারিদ্র জনগনকে সাহায্যের কাঙ্ক্ষিত লক্ষ্যে ব্যবহৃত হয়।"

বাংলাদেশের স্বাধীনতার পরপরই ১৯৭২ সাল থেকে বিশ্বব্যাংক বাংলাদেশকে স্বাস্থ্য ও শিক্ষা খাতের উন্নয়নে, সামাজিক নিরাপত্তা জাল শক্তিশালীকরণে, অবকাঠামো আধুনীকরণে, জলবায়ু পরিবর্তন মোকাবিলায়, কৃষিখাতের উন্নয়নে, স্থানীয় সরকার শক্তিশালীকরণে, এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় সং ১৬ বিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিয়েছে।

## Contacts

In Washington: Alex Ferguson, tel : (202) 458-4953, [aferguson@worldbank.org](mailto:aferguson@worldbank.org)

In Dhaka: Mehrin Ahmed Mahbub, (880-2) 8159001, [mmahbub@worldbank.org](mailto:mmahbub@worldbank.org)

For more information on the World Bank in Bangladesh, please visit: <http://www.worldbank.org/bd>

Visit us on Facebook: <http://www.facebook.com/worldbankbangladesh>